

নম্বর ৪০.০০.০০০০.০১২.৩১.০০২.১৭.৮৫

তারিখ: ২ আষাঢ়, ১৪২৯

১৬ জুন ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি এবং দাখিলকৃত ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ওপর আলোচনা ও ফিডব্যাক সভা।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের অংশগ্রহণে দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি এবং দাখিলকৃত ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ওপর ফিডব্যাক সভা মন্ত্রণালয়ের বিকল্প শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ড. অশোক কুমার বিশ্বাস, সিনিয়র সহকারী সচিব-এর সভাপতিত্বে আগামী ২৩-০৬-২০২২ তারিখ; বৃহস্পতিবার; বিকাল: ০৩.০০ ঘটিকায় মন্ত্রণালয়ে (কক্ষ নম্বর#৫২৩, ভবন#০৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) অনুষ্ঠিত হবে।

২। এমতাবস্থায়, তাঁর দপ্তর/সংস্থার শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে নির্ধারিত তারিখ ও সময়ে ফিডব্যাক সভায় অংশগ্রহণ করার নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১৬-৬-২০২২

ড. অশোক কুমার বিশ্বাস

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯০১৪৮১৫

ফ্যাক্স: ৯৫৭৫৫৮৩

ইমেইল: section2@mole.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার প্রধান, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৩) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), সেবা শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (আপ্যায়নের প্রয়োজনীয় গ্রহণের অনুরোধসহ)
- ৪) উপসচিব, সচিবালয় নিরাপত্তা শাখা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (সংশ্লিষ্ট কর্মকর্তাকে বাংলাদেশ সচিবালয়ে

প্রবেশের অনুরোধসহ)

৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (নোটিশ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৬) ব্যক্তিগত কর্মকর্তা, সমন্বয় ও আদালত অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়